

কোস্ট ট্রাস্ট, প্রধান কার্যালয়, ঢাকা। তারিখ: ৮ মে ২০১৯ খৃষ্টাব্দ।

প্রতি : নোটিশ বোর্ডের মাধ্যমে সকল কর্মী

হতে : পরিচালক

বিষয় : ভ্রমণ/মাঠ পরিদর্শনের সময় গাড়ি/সিএনজি রিজার্ভ, সরকারী ছুটির সাথে লাগোয়া ছুটি এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা যেমন সতর্কতা পত্র, বেতন কর্তন ইত্যাদি প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আপনাদের সকলের অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জানানো যাচ্ছে যে, সংস্থার কাজের গতিশীলতা বাড়ানো, স্বচ্ছতা আনয়ন এবং সর্বোপরি কাজের সুশৃঙ্খল পরিবেশ আনয়নের লক্ষ্যে ব্যবস্থাপনা নিম্নোক্ত সিদ্ধান্ত নিয়েছে যা সকলকে মেনে চলার জন্য বলা হলো।

- সংস্থার সকল কর্মীকে যার যার কর্ম এলাকায় মাঠ পরিদর্শনের সময় বা সংশ্লিষ্ট ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে আসা-যাওয়ার জন্য সিএনজি/অটো/মাইক্রো সহ অন্যান্য গাড়ি রিজার্ভ করা যাবে না। এজন্য সকলকে যথাযথ পরিকল্পনা করে ভ্রমণ পরিকল্পনা করতে হবে যাতে করে সময়ের অপচয় না হয়। সবাইকে গণপরিহণ ব্যবহার করতে হবে। ডোনার বা সরকারি কোন প্রতিষ্ঠানের প্রতিনিধির সাথে ভ্রমণ বা কোন **Emergency** সাপোর্ট বা প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে পরিচালকের অনুমতি স্বাপেক্ষে যে কোন কর্মী যানবাহন রিজার্ভ বা অফিসের গাড়ি ব্যবহার করতে পারবেন।
- সহকারী পরিচালক থেকে উপরের পদবীধারীগণ বিমানে যাতায়ত করতে পারবেন।
- একই সাথে একই প্রকল্পের একের অধিক কর্মী একই জায়গায় মাঠ পরিদর্শনে যেতে পারবেন না। তবে কোন স্টেকহোল্ডার বা সরকারী প্রতিনিধিদের সাথে সভা/সাক্ষাত বা ডোনারের সাথে মাঠ পরিদর্শন, কোন অডিট, ক্রয় কমিটি বা ইনভেস্টিগেশনের ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না।
- কোন কর্মী সরকারী ছুটির সাথে লাগোয়া ছুটি ভোগ করতে পারেন না। তবে কেউ যদি এ ধরনের ছুটি নিতে চান তাহলে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক ফোকলের (কর্মসূচি বা ফাইনাল) এর মাধ্যমে পরিচালক থেকে সরাসরি অনুমোদন নিতে হবে।
- যেসকল কর্মীর মটরসাইকেল আছে, তাদের প্রত্যেককে মটরসাইকেল নিয়ে মাঠ পরিদর্শন করা বাধ্যতামূলক।
- পরিচালকের অনুমোদন ছাড়া কোন কর্মীকে সতর্কতা পত্র প্রদান, বরখাস্তকরণ ও বেতন কর্তন করা যাবে না। তবে কোন সুপারভাইজার তার সহকর্মীকে কারণ দর্শানোর নোটিস (**Show Cause**) বা ব্যাখ্যা চাইতে পারবেন।
- নির্বাহী পরিচালকের অনুমোদন ছাড়া কোন কার্যালয়ে বা প্রকল্পে নিয়োগ প্রদান এবং বরখাস্ত করা যাবে না।
- নিজ বাসস্থান থেকে সরাসরি মাঠ পরিদর্শনে যাওয়া যাবে না এবং অফিসে এসে মুভমেন্ট রেজিস্টারে স্বাক্ষর করে যেতে হবে। প্রত্যেক কর্মীকে মাঠ পরিদর্শন শেষে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ককে পরিদর্শন রিপোর্ট প্রদান করতে হবে এবং রিপোর্টটি নিয়ে সংশ্লিষ্ট কর্মীদের সাথে আলোচনা করতে হবে। পরিদর্শন রিপোর্ট ছাড়া কোন ট্রাভেল বিল অনুমোদন করা যাবে না এবং তা করা হলে সংশ্লিষ্ট অনুমোদনকারী এর জন্য দায়বদ্ধ থাকবেন।
- অত্র সার্কুলারটি অনতিবিলম্বে কার্যকরী হবে এবং এর সাথে যদি কেহ দ্বিমত পোষণ করেন তাহলে আগামী ২০ মে ২০১৯ ইং এর মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর যোগাযোগ করতে বলা হলো। এই সার্কুলারটি আগামী ১৫ দিন পর্যন্ত নোটিশ বোর্ডে ঝুলানো থাকবে। কমপক্ষে ২টি সভায় আলোচনা করতে হবে এবং এই কাগজে সবার স্বাক্ষর দিয়ে রাখতে হবে।

ধন্যবাদসহ

সনত কুমার ভৌমিক

০৪.০৫.২০১৯

অনুলিপি : নির্বাহী পরিচালক

সকল উপ/সহ:পরিচালক

অফিস কপি